




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৩৬৭৩

তারিখ: ২৭/৪/২০১৬ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের সফল বাস্তবায়নের স্বার্থে প্রকল্পভুক্ত প্রতি উপজেলায় ০৩ জন করে মাঠ সংগঠক কর্মরত রয়েছে। তারা মাঠ পর্যায়ে প্রকল্পের সমিতি গঠন, সদস্য ভর্তি, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে সরাসরি জড়িত। প্রকল্পের মাঠ সংগঠকদের নিয়মিত সমিতিতে যাতায়াতসহ ঋণের টাকা আদায় করে প্রকল্পের ব্যাংক হিসেবে জমা প্রদান নিশ্চিত করে ব্যাংক রশিদ সংগ্রহপূর্বক প্রকল্প দপ্তরে জমা প্রদান করতে হয়। কিন্তু প্রকল্পের বিভিন্ন উপজেলায় খোঁজ নিয়ে জানা যায় যে, কোন কোন মাঠ সংগঠক নিয়মিত অফিসে উপস্থিত না হয়ে সরাসরি সমিতিতে চলে যায় এবং প্রতিদিনের আদায়কৃত টাকা নিয়মিত ব্যাংক হিসেবে জমা প্রদান না করে ২-৩ দিনের টাকা একদিনে জমা প্রদান করে। অত্র প্রকল্পের সকল আর্থিক কার্যক্রম অনলাইন সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হয় বিধায় প্রতিদিনের হিসাব প্রতিদিন সফটওয়্যারের মাধ্যমে আপডেট করতে হয়। তাই মাঠ সংগঠকদের প্রতিদিনের আদায়কৃত টাকা প্রতিদিন বা ধারাবাহিক ভাবে ব্যাংক হিসাবে জমা প্রদান না করলে হিসাবের জটিলতা সৃষ্টি হয়। এ ক্ষেত্রে মাঠ সংগঠকগণ প্রতিদিন অফিসে হাজিরা নিশ্চিত পূর্বক সমিতিতে গমন করবে এবং প্রতিদিনের টাকা প্রতিদিন ব্যাংক হিসাবে জমা প্রদান করবে। যদি কোন দিন সমিতি হতে আসতে দেরি হয় এবং ব্যাংকে লেনদেনের সময় শেষ হয়ে যায় তাহলে পরবর্তী কার্যদিবসে প্রথমে অফিসে উপস্থিত হয়ে ব্যাংক হিসাবে টাকা জমা প্রদান করে পরে সমিতিতে গমন করবে। যদি সমিতি'র অবস্থান উপজেলা হতে অনেক দূরবর্তী হয়ে থাকে শুধুমাত্র সেক্ষেত্রে পূর্বানুমোদনক্রমে সরাসরি সমিতি'তে গমন করে ঋণের কিস্তি আদায় করা যাবে অন্য সকল ক্ষেত্রে অবশ্যই প্রতিদিন মাঠ সংগঠক অফিসে উপস্থিত থেকে হাজিরা খাতায় স্বাক্ষর করবেন, অন্যথায় উক্ত মাঠ সংগঠক এর বিরুদ্ধে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ প্রয়োজনে বেতন বন্ধ রাখার বিষয়ে ব্যবস্থা নেয়ার নির্দেশনা প্রদান করা হলো। তা না হলে অর্থ আত্মসাৎসহ যে কোন অনিয়মের জন্য আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।



প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক(ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-

তারিখ: ২৭/৪/২০১৬ খ্রিঃ

অনুলিপি বিতরণ (জৈষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- জেলা ঃ-----।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- জেলা ঃ-----।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ----- জেলা ঃ-----।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. উপপরিচালক, বিআরডিবি, -----।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. অফিস নথি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।


আরিফুল হক

সহকারী পরিচালক (প্রশাসন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।